

আমাদের মন্ত্র

হল-ক্যাম্পাস খোলার দাবিতে বিক্ষেপ ও অবস্থান শিক্ষার্থীদের

রাবি প্রতিনিধি

২২ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ২২ ফেব্রুয়ারি ২০২১ ০০:২০

আমাদের মন্ত্র

আবাসিক হল ও ক্যাম্পাস খুলে একাডেমিক কার্যক্রম স্বাভাবিক করার দাবিতে উপাচার্য ভবনের সামনে অবস্থান কর্মসূচি পালন করেছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শিক্ষার্থীরা। এ সময় আগামী ২৪ ঘণ্টার মধ্যে আবাসিক হল খোলার বিষয়ে প্রশাসনের সিদ্ধান্ত দেওয়ার আলটিমেটাম দেন তারা। গতকাল রবিবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের পেছন থেকে বিক্ষেপ মিছিল শুরু হয়। পরে মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান কর্মসূচিতে মিলিত হন তারা।

অবস্থান কর্মসূচিতে ‘এক দফা এক দাবি, হল-ক্যাম্পাস খোলা চাই’, ‘ভ্যাকসিন লাগলে ভ্যাকসিন দাও, তবুও ক্যাম্পাস খুলে দাও’, ‘লাঠি মার ভাঙ্গে তালা, হলের ওই বন্দিশালা’, ‘তুমি কে আমি কে, রাষ্ট্র-রাষ্ট্র’ এসব সেঁওগান দেন তারা।

বিশ্ববিদ্যালয়ের তৃতীয় বর্ষের শিক্ষার্থী কান্দির জিলানীর সঞ্চালনায় বিভিন্ন বিভাগের শতাধিক শিক্ষার্থী অংশ নেন। আজ সোমবার আবারও বিক্ষেপ মিছিল ও অবস্থান কর্মসূচি পালনের ঘোষণা দেন তারা।

বিক্ষেপ মিছিল-পরবর্তী কর্মসূচিতে বক্তারা বলেন, দেশের প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সব শ্রেণির শিক্ষার্থীদের অটোপাস দিয়ে পরবর্তী ক্লাসে ওঠার সুযোগ করে দিয়েছে সরকার। কিন্তু বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে এখন পর্যন্ত কিছু ভাবছে না। সরকার ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের ইতিবাচক সিদ্ধান্তের জন্য দীর্ঘদিন আমরা অপেক্ষা করছি। আর নয়, এভাবে আর সরকার আমাদের ঘরে বন্দি রাখতে পারবে না।’

বক্তারা আরও বলেন, করোনার অঙ্গুহাতে শুধু শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখছে সরকার। এতে আমাদের একাডেমিক বর্ষ দীর্ঘ হচ্ছে। ইতোমধ্যে অনেক শিক্ষার্থী এসে মেসে অবস্থান করছে। আমরা দেখেছি সম্প্রতি জাবি ও ববির মেসে অবস্থান করা

শিক্ষার্থীরা স্থানীয়দের দ্বারা নির্যাতিত হচ্ছে। আমরা এমন হামলার ঘটনা রাজশাহীতে চাই না। ফলে শিক্ষার্থীদের নিরাপত্তার স্বার্থে দ্রুত আবাসিক হল খুলে দেওয়ার দাবি জানাই।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

মতুন খানার ফৈলি

আমাদের মমতা

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

[Privacy Policy](#)